

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২, পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০
কর্মসংস্থান শাখা-০১

স্মারক নং-৪৯.০০.০০০০.১০১.১১.০০২.০৬. ৫৩৭

তারিখঃ ১৭-০৭-২০১৭ খ্রিঃ।


বিষয় : সৌদি আরবের Fahad Aayad Building Inter Facec Factory-এর অধীনে Installation Factor পদে ৫০ (পঁঞ্চাশ) জন কর্মীর নিয়োগানুমতি প্রদান।

উপর্যুক্ত বিষয়ে রিক্রুটিং এজেন্সি মেসার্স ক্যারিয়ার ওভারসীজ কনসালটেন্টস লিঃ (আরএল-৪০৩)-সৌদি আরবের Fahad Aayad Building Inter Facec Factory-এর অধীনে Installation Factor পদে ৫০ (পঁঞ্চাশ) জন কর্মীর নিয়োগানুমতি নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে নির্দেশক্রমে জ্ঞাপন করা হলো :

কোম্পানীর নাম	পদের নাম	কর্মী সংখ্যা	বেতন (মাসিক)	অন্যান্য সুবিধাদি
Fahad Aayad Building Inter Facec Factory	Installation Factor	৫০ (পঁঞ্চাশ) জন	৮০০ সৌদি রিয়াল	বাসস্থান ফ্রি, খাবার, যাতায়াত এবং চিকিৎসার বিষয় দাখিলকৃত চাহিদাপত্রে উল্লেখ নেই। চুক্তির মেয়াদ- ০২ বছর, কর্মঘন্টা- ৮ ঘন্টা। বিমান ভাড়া-উভয় পথ ফ্রি চাকুরির অন্যান্য শর্তাবলী সৌদি আরবের শ্রম আইন অনুযায়ী প্রযোজ্য হবে।

শর্তাবলী :

- প্রতি ফ্লাইটে রিক্রুটিং এজেন্সির একজন প্রতিনিধি কর্মীদের সাথে সৌদি আরবে যাবেন অথবা সংশ্লিষ্ট বিমান বন্দরে কর্মীদের গ্রহণ করার জন্য রিক্রুটিং এজেন্সির একজন প্রতিনিধি আবশ্যিকভাবে উপস্থিত থাকবেন।
- প্রত্যেক গ্রুপে বাংলাদেশের কর্মীরা সৌদি আরবে পৌঁছার পর রিক্রুটিং এজেন্সি অত্র মন্ত্রণালয়, বিএমইটি এবং রিয়াদস্থ বাংলাদেশ দূতাবাসে প্রতিবেদন দাখিল করবে।
- বহির্গমন ছাড়পত্র ইস্যু করার পূর্বে নির্বাচিত প্রত্যেক কর্মীর সাথে নিয়োগ চুক্তি স্বাক্ষর করতে হবে।
- বহির্গমন ছাড়পত্র প্রদানের পূর্বে বিএমইটিতে মূল চাহিদা পত্র/ক্ষমতা পত্র ও অন্যান্য মূল কাগজপত্র দাখিল করতে হবে। বিএমইটি প্রাসঙ্গিক তথ্যাদি ও কাগজপত্র যাচাইপূর্বক ছাড়পত্র প্রদান করবে।
- কর্মীর ভিসা এবং ফ্লাইট নিশ্চিত হওয়া সাপেক্ষে রিক্রুটিং এজেন্সি কর্তৃক অভিবাসন ব্যয় বাবদ সর্বোচ্চ ১,২৮,০০০/- (এক লক্ষ আটাশ হাজার) টাকা কর্মীর নিকট হতে চেক/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে গ্রহণ করা যাবে এবং কোনক্রমেই অতিরিক্ত অর্থ গ্রহণ করা যাবে না।
- চুক্তিপত্রের কোন শর্ত লঙ্ঘন হলে অথবা কর্মীরা সংশ্লিষ্ট কোম্পানীতে চাকুরী না পেলে অথবা কর্মীকে প্রস্তাবিত বেতন-ভাতা ও অন্যান্য সুযোগ-সুবিধা না দেয়া হলে সংশ্লিষ্ট রিক্রুটিং এজেন্সিকে কর্মীর থাকা খাওয়ার খরচ ও প্রত্যাবাসন ব্যয়সহ কর্তৃপক্ষ কর্তৃক আরোপিত ক্ষতিপূরণ প্রদানে বাধ্য থাকবে মর্মে ৩০০/= (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প অঙ্গীকারনামা দাখিল করতে হবে।
- চাকুরির শর্তাবলী সৌদি আরবের শ্রম আইনের বিধানের সাথে সঙ্গতিপূর্ণ হতে হবে।
- এ নিয়োগ সম্পন্ন করে অত্র মন্ত্রণালয়কে অবহিত করতে হবে।
- সৌদি ভিসার অনলাইন সিস্টেম (Enjaz IT) থেকে হালনাগাদ তথ্য যাচাই করতে হবে।
- বিমান ভাড়াসহ অন্য কোন ফি প্রযোজ্য না হলে তা কর্মীর উপর বার্তাবে না।
- দক্ষতা ভিত্তিক কর্মী প্রেরণের ক্ষেত্রে সংশ্লিষ্ট দক্ষতার বিষয়টি পরীক্ষান্তে নিশ্চিত হয়ে Smart Card ইস্যু করতে হবে।
- মূল চাহিদাপত্র ও ক্ষমতাপত্রের সত্যায়নের বিষয়টি সতর্কভাবে পরীক্ষা করবে।
- ১ জুলাই ২০১৭ থেকে ডাটাবেজ কার্যকর হওয়ায় ডাটাবেজ থেকে কর্মী নেয়ার বিষয়টি মহাপরিচালক (বিএমইটি) নিশ্চিত করবেন।


(ডপ্টর কাজী কামরুন নাহার)

উপসচিব

ফোন : ৮৩২২৫১৯

মহাপরিচালক

জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো

৭১-৭২, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০।

অনুলিপি : সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে-

১. যুগ্মসচিব (কর্মসংস্থান), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
২. যুগ্মসচিব (মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৪. কাউন্সেলর (শ্রম), বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, জেদ্দা, সৌদি আরব ও চাহিদা পত্র ও ক্ষমতা পত্র সংযুক্ত করতঃ নিয়োগকারীর যথার্থতা যাচাই এবং ফলো-আপ করতে নির্দেশক্রমে অনুরোধ জানানো হল। কোন কর্মীর স্বার্থহানিসহ কোন অনিয়ম গোচরীভূত হলে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণের স্বার্থে প্রয়োজনীয় পদক্ষেপ নিতেও অনুরোধ জানানো হল।
৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৬. সহকারী প্রোগ্রামার, আইটি শাখা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭. ব্যবস্থাপনা পরিচালক, ক্যারিয়ার ওভারসীজ কনসালটেন্টস লিঃ (আরএল-৪০৩), বাড়ি নং-২৫, রোড নং-৩৪, গুলশান, ঢাকা : সংশ্লিষ্ট নিয়োগকারীকে অবিলম্বে রিয়াদ, অবস্থিত বাংলাদেশ শ্রম উইং-এ যোগাযোগ ও প্রয়োজনীয় তথ্য প্রদান করা নিশ্চিত করতে অনুরোধ করা হল।
৮. অফিস কপি।

৪৮৭;

(ডক্টর কাজী কামরুন নাহার)

উপসচিব

ফোন : ৮৩২২৫১৯